

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ১৫, ২০১৬

নির্বাচন কমিশন  
বাংলাদেশ

প্রজ্ঞাপন

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/১৫ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৪২-আইন/২০১৬।—জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন) এর ধারা ২০(২) এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

প্রথম অধ্যায়

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (১) “আইন” অর্থ জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন);
- (২) “আইন প্রয়োগকারী সংস্থা” অর্থ পুলিশ বাহিনী, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান, আনসার বাহিনী, ব্যাটালিয়ান আনসার, বর্ডার গার্ড বাংলাদেশ এবং কোস্টগার্ড বাহিনী;
- (৩) “ওয়ার্ড” অর্থ মহিলা সদস্যসহ কোন সদস্য নির্বাচনের জন্য ধারা ১৬ অনুসারে সীমা নির্ধারিত এলাকা;
- (৪) “কমিশন” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮ অনুচ্ছেদের অধীন প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন;

( ১৬২৫৯ )

মূল্য : টাকা ১০৪.০০

- (৫) “জেলা পরিষদ” অর্থ আইনের অধীন গঠিত জেলা পরিষদ;
- (৬) “জেলা নির্বাচন কর্মকর্তা” অর্থ নির্বাচন ও অন্যান্য কার্য সম্পাদনের নিমিত্ত কমিশন কর্তৃক নিয়োগকৃত সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা;
- (৭) “জেলা পরিষদের ভোটার তালিকা” অর্থ ধারা ১৭ এর অধীন প্রণীত ভোটার তালিকা;
- (৮) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল;
- (৯) “ধারা” অর্থ আইনের ধারা;
- (১০) “নির্ধারিত” অর্থ নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত;
- (১১) “নির্বাচন” অর্থ চেয়ারম্যান বা সংরক্ষিত আসনের মহিলা সদস্য বা সদস্যের প্রত্যক্ষ নির্বাচন;
- (১২) “নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল” অর্থ ধারা ২৪ এর অধীন গঠিত নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল;
- (১৩) “নির্বাচনি এজেন্ট” অর্থ কোন প্রার্থী কর্তৃক বিধি ২৪ এর অধীন নিযুক্ত নির্বাচনি এজেন্ট;
- (১৪) “নির্বাচনি এলাকা” অর্থ চেয়ারম্যান, মহিলা সদস্য বা, ক্ষেত্রমত, সদস্য নির্বাচনের উদ্দেশ্যে সীমানা নির্ধারিত কোন এলাকা;
- (১৫) “নির্বাচনি ট্রাইব্যুনাল” অর্থ ধারা ২৪ এর অধীন গঠিত নির্বাচনি ট্রাইব্যুনাল;
- (১৬) “নির্বাচনি দরখাস্ত” অর্থ বিধি ৫৩ এর অধীন দাখিলকৃত কোন নির্বাচনি দরখাস্ত;
- (১৭) “নির্বাচিত প্রার্থী” অর্থ এমন একজন প্রার্থী যাহাকে ধারা ২১ এবং এই বিধিমালার অধীন চেয়ারম্যান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য এবং সদস্য হিসাবে নির্বাচিত হইয়াছেন মর্মে ঘোষণা প্রদান করা হইয়াছে;
- (১৮) “পোলিং অফিসার” অর্থ একটি ভোটকেন্দ্রে ভোটগ্রহণের উদ্দেশ্যে বিধি ৮ এর অধীন নিযুক্ত কোন পোলিং অফিসার;
- (১৯) “পোলিং এজেন্ট” অর্থ কোন প্রার্থী কর্তৃক বিধি ২৫ এর অধীন নিযুক্ত পোলিং এজেন্ট;
- (২০) “প্রতিদ্বন্দ্বী প্রার্থী” অর্থ এমন একজন প্রার্থী যিনি চেয়ারম্যান অথবা সংরক্ষিত আসনের মহিলা সদস্য অথবা সদস্য হিসাবে নির্বাচনের জন্য বৈধভাবে মনোনীত হইয়াছেন এবং যিনি তাহার প্রার্থিতা প্রত্যাহার করেন নাই;
- (২১) “প্রার্থী” অর্থ কোন জেলা পরিষদের চেয়ারম্যান বা সদস্য পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলকারী যে কোন ব্যক্তি;



## তফসিল-২

[ বিধি ১৯ (১) (ক) দ্রষ্টব্য ]

## চেয়ারম্যান পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

১। আনারস	৭। টেবিল ফ্যান
২। কাপ-পিরিচ	৮। তালগাছ
৩। ঘোড়া	৯। প্রজাপতি
৪। চশমা	১০। মোটরসাইকেল
৫। চিংড়ি মাছ	১১। মোবাইল ফোন
৬। জিপ গাড়ি	১২। হেলিকপ্টার

## তফসিল-৩

[ বিধি ১৯ (১) (খ) দ্রষ্টব্য ]

## সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

১। কম্পিউটার	৬। ফুটবল
২। টেবিল ঘড়ি	৭। বই
৩। টেলিফোন	৮। মাইক
৪। ডিস এন্টেনা	৯। লাটিম
৫। দোয়াত কলম	১০। হরিণ

## তফসিল-৪

[ বিধি ১৯ (১) (গ) দ্রষ্টব্য ]

## সদস্য পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

১। অটোরিক্সা	৭। ঢোল
২। উটপাখি	৮। তাল
৩। ক্রিকেট ব্যাট	৯। বক
৪। ঘুড়ি	১০। বেহালা
৫। টিউবওয়েল	১১। বৈদ্যুতিক পাখা
৬। টিফিন ক্যারিয়ার	১২। হাতি

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোহাম্মদ আব্দুল্লাহ

সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd